# U.G. 6th Semester Examination - 2021

## BENGALI

### Course Code: BBNGDSHT5

### Course Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'উপপদ' কাকে বলে? একটি উদাহরণ দাও।

খ) 'শুভ্রতা' দুধের ধর্ম। নিম্নরেখাঙ্কিত পদটি কোন্ শ্রেণির পদ?

গ) নাম বিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।

ঘ) 'পেট' শব্দটির সঙ্গে একবার উপসর্গ ও একবার প্রত্যয় যোগে নতুন শব্দ গঠন করো।

ঙ) 'স্বভাব' বোঝাতে ব্যবহৃত হয় এমন দুটি প্রত্যয়ের প্রয়োগসহ উদাহরণ দাও।

চ) পিপাসায় ছাতি ফেটে যাচ্ছে। 'পিপাসা' শব্দটির প্রকৃতি প্রত্যয় নির্ণয় করো।

ছ) 'পলাশ' কী জাতীয় শব্দ?

জ) আবেগসূচক বাক্য কীভাবে চেনা যায়? একটি উদাহরণ দাও।

[পরের পাতায়]

ঝ) লাউ তো বটে, কিন্তু আনে কে? বাক্যটি কী জাতীয় বাক্য? বাক্যটিকে নির্দেশক বাক্যে পরিণত করো।

ঞ) 'যে জামাই শ্বশুর বাড়িতে থাকে' — পদগুলিকে সমাসবদ্ধ করো এবং সমাসের নাম লেখো।

ট) সমধাতুজ কর্তা কাকে বলে? একটি উদাহরণ দাও।

ঠ) ছাদ থেকে ঘুড়ি ওড়াচ্ছি। নিম্নরেখাঙ্কিত পদটির কারক বিভক্তি নির্ণয় করো।

ড) স্বত্ব/স্বত্ত/স্বত্ত্ব/সত্ত্ব — অধিকার অর্থে বিশুদ্ধ শব্দটি নির্বাচন করো।

ঢ) পরীক্ষায় অকৃতকার্যতা হওয়া অত্যন্ত লজ্জাস্কর ব্যাপার — বাক্যটির অশুদ্ধি সংশোধন করো।

ণ) পরপদের অর্থ প্রাধান্য পায় এমন সমাসগুলির নাম লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) অনুকার শব্দ কাকে বলে? একটি উদাহরণ দাও।

খ) আভিধানিক শব্দের সঙ্গে ধ্বন্যাত্মক শব্দের পার্থক্য বুঝিয়ে দাও।

গ) বাংলা উপসর্গ ও সংস্কৃত উপসর্গের কোনো পার্থক্য আছে কিনা লেখো।

ঘ) 'সেই দিন ডাক্তারের দেখা শেষ হইল।' — বাক্যটির বাচ্য নির্দেশ করো এবং বাচ্যান্তর করো।

ঙ) 'কাঁচা মিঠা আম' স্থূলরেখ পদটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

চ) প্রত্যয় ও বিভক্তির পার্থক্য লেখো।

ছ) দ্বিগু ও সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের পার্থক্য লেখো।

জ) ‘যে ব্যক্তি বিদ্যাহীন, তাহার জীবন বৃথা’ — বাক্যটির গঠন বৈশিষ্ট্য বিশ্লেষণ করে গঠনগত শ্রেণি নির্দেশ করো।

৩। যে-কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) উপসর্গের সংজ্ঞাসহ কয়েকটি বাংলা উপসর্গের উদাহরণ দাও।

খ) সাধিত শব্দকে অর্থের দিক থেকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়? উদাহরণসহ প্রকারভেদগুলি আলোচনা করো।

গ) নিচের শব্দগুলি কেন অশুদ্ধ তা নির্দেশ করে শুদ্ধরূপ লেখো : উপরোক্ত, সবিনয়পূর্বক, অনুমত্যানুসারে, আবশ্যকীয় জোতীন্দ্র।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) সর্বনামপদ কাকে বলে? সর্বনাম পদের শ্রেণিবিভাগ করে উদাহরণসহ আলোচনা করো। ১+৯=১০

খ) শব্দের অর্থ প্রকাশক শক্তিকে প্রধানত কী কী ভাগে ভাগ করা হয়েছে? এই শক্তিগুলির সাহায্যে শব্দের যে অর্থগুলি পাওয়া যায় উদাহরণসহ সেগুলির বিস্তৃত পরিচয় দাও। ২+৮=১০

গ) বাক্যে অন্বয়ের বৈচিত্র্য সূচক শব্দাবলীকে কী বলে? এরকম বলার কারণ কী? প্রয়োগের দিক থেকে বাংলা অনব্যয়-যোজক পদগুলি উদাহরণসহ আলোচনা করো। ১+১+৮=১০

———————